

যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ১৭১৭

১/ বিবিধ

আরবী

إياكم والحمرة، فإنها أحب الزينة إلى الشيطان
ضعيف

أخرجه الطبراني في " المعجم الكبير " (18 / 148 / 317) من طريق بكر بن محمد بن سعيد بن بشير عن قتادة عن الحسن البصري عن عمران بن حصين مرفوعا قلت: وهذا إسناده ضعيف، الحسن البصري مدلس وقد عنعنه. وسعيد بن بشير ضعيف، كما في " الإصابة " وغيره. وقد اختلف عليه في إسناده. فرواه بكر عنه هكذا. وأخرجه الحسن بن سفيان في " مسنده " من طريق يحيى بن صالح الوحاظي ومحمد بن عثمان كلاهما عنه فقال: عن " عبد الرحمن بن يزيد بن رافع " بدل: " عمران بن حصين وأخرجه ابن أبي عاصم من طريق محمد (بن) بلال عن سعيد بهذا الإسناد، لكنه سمى جده راشدا وكذا أخرجه ابن منده من طريق الوحاظي، كما في " الإصابة ". وأخرجه أبو محمد المخلدي في " الفوائد " (ق 263 / 2) عن سعيد بن بشير مثل رواية ابن سفيان عنه

বাংলা

১৭১৭। তোমরা লাল রং থেকে নিজেদেরকে বাঁচিয়ে রাখ। কারণ তা হচ্ছে শয়তানের সর্বাপেক্ষা প্রিয় সাজসজ্জা।

হাদীসটি দুর্বল।

হাদীসটিকে ত্ববারানী “আলমুজামুল কাবীর” গ্রন্থে (১৮/১৪৮/৩১৭) বাকর ইবনু মুহাম্মাদ সূত্রে সাঈদ ইবনু বাশীর

হতে, তিনি কাতাদা হতে, তিনি হাসান বাসরী হতে, তিনি ইমরান ইবনু হুসাইন হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। হাসান বাসরী মুদাল্লিস বর্ণনাকারী, তিনি আন আন করে বর্ণনা করেছেন। আর সাঈদ ইবনু বাশীর দুর্বল যেমনটি "আলইসাবাহ" প্রমুখ গ্রন্থে এসেছে। তার সনদের মধ্যে মতভেদ করা হয়েছে। বাকর তার থেকে এভাবে বর্ণনা করেছেন।

আর হাদিসটিকে হাসান ইবনু সুফিয়ান তার 'মুসনাদ' গ্রন্থে ইয়াহইয়া ইবনু সালেহ অহাযী ও মুহাম্মাদ ইবনু উসমান সূত্রে তার (সাঈদ) থেকে বর্ণনা করেছেন (তিনি বলেনঃ) তিনি ইমরান ইবনু হুসাইনের স্থলে আব্দুর রহমান ইবনু ইয়াযীদ ইবনু রাফে হতে বর্ণনা করেছেন।

আর ইবনু আবী আসেম হাদীসটিকে মুহাম্মাদ ইবনু বিলাল সূত্রে সাঈদ হতে এ সনদে বর্ণনা করেছেন। কিন্তু তিনি তার দাদার নাম রাশেদ হিসেবে উল্লেখ করেছেন। অনুরূপভাবে ইবনু মান্দা অহাযীর সূত্রে হাদীসটি বর্ণনা করেছেন যেমনটি "আলইসাবাহ" গ্রন্থে এসেছে।

আর আবু মুহাম্মাদ মাখলাদী "আলফাওয়াইদ" গ্রন্থে (কাফ ২/২৬৩) সাঈদ ইবনু বাশীর হতে বর্ণনা করেছেন ইবনু সুফইয়ানের বর্ণনার ন্যায়।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72600>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন